

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
সার্ক ও বিমস্টেক অনুবিভাগ  
বিমস্টেক শাখা, ঢাকা

নং-১৯.০০.০০০০.৩১৬.৩৬.০০১.১৭/নন৫

তারিখঃ ২৪ মার্চ ২০১৯

প্রাপক : মির্জা ইসরাত আরা  
পরিচালক (সার্ক ও বিমস্টেক)  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।  
প্রেরক : মোছাঃ মীর নূরানী রূপমা  
সহকারী সচিব (বিমস্টেক)  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয় : আগামী ২৮-২৯ মার্চ ২০১৯ তারিখে মিয়ানমারের নেপিতোতে অনুষ্ঠিতব্য “BIMSTEC Expert Group Meeting on Energy”-এ অংশগ্রহণের জন্য মির্জা ইসরাত আরা, পরিচালক (সার্ক ও বিমস্টেক), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা-এর মিয়ানমারে সরকারি সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন প্রসঙ্গে।

মহোদয়,

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে আগামী ২৮-২৯ মার্চ ২০১৯ তারিখে মিয়ানমারের নেপিতোতে অনুষ্ঠিতব্য “BIMSTEC Expert Group Meeting on Energy”-এ অংশগ্রহণের জন্য মির্জা ইসরাত আরা, পরিচালক (সার্ক ও বিমস্টেক), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা-এর মিয়ানমারে সরকারি সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছেঃ

০২। এ প্রশাসনিক মঞ্জুরি নিম্নবর্ণিত শর্ত ও বিধি সাপেক্ষে প্রযোজ্য হবেঃ

- ক) উপর্যুক্ত সভায় অংশগ্রহণকাল (ভ্রমণকাল, ট্রানজিটকাল সহ) সরকারী কাজে কর্তব্যরত বলে গণ্য হবে এবং আপনার বেতন ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;
- খ) উপর্যুক্ত সভায় যোগদানের জন্য আপনি আগামী ২৭ মার্চ ২০১৯ অথবা এর নিকটবর্তী সময়ে নেপিতোর উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং সফর শেষে আগামী ৩০ মার্চ ২০১৯ অথবা এর নিকটবর্তী সময়ে ঢাকার উদ্দেশ্যে নেপিতো ত্যাগ করবেন;
- গ) অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় আপনি বিদেশে অবস্থান করবেন না।

০৩। জনস্বার্থে ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মঞ্জুরিপত্র জারি করা হলো।

স্বাঃ

(মোছাঃ মীর নূরানী রূপমা)  
সহকারী সচিব (বিমস্টেক)  
ফোনঃ ৯৫৭১১৭৭

E-mail: asbimstec@mofa.gov.bd

তারিখঃ ২৪ মার্চ ২০১৯

নং-১৯.০০.০০০০.৩১৬.৩৬.০০১.১৭/নন৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. মহাপরিচালক (প্রশাসন/সার্ক ও বিমস্টেক), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০২. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), সেগুনবাগিচা, ঢাকা।
০৩. পরিচালক (সংস্থাপন/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৪. পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
০৫. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (বাজেট/তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৬. সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
০৭. দূতালয় প্রধান, বাংলাদেশ দূতাবাস, ইয়াংগুন।
০৮. অফিস কপি।

(মোছাঃ মীর নূরানী রূপমা)  
সহকারী সচিব (বিমস্টেক)

২৪/০৩/১৯